গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪৭/২০১৭-১৮

ঢাকা, বুধবার, ২০ জুন ২০১৮, ৬ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ

২। কৃষিবান্ধব নীতির ফলে গত অর্থবছরে খাদ্য উৎপাদন ৩ কোটি ৮৬ লাখ ৯১ হাজার মেট্রিকটন সংসদে কৃষিমন্ত্রী

৩। মেগা প্রকল্প বাস্তবায়ন হলে প্রবৃদ্ধি হবে ১০ শতাংশ : পরিকল্পনামন্ত্রী

৪। রাজধানীতে নির্মিত হচ্ছে ঘৃণাস্তম্ভ : সংসদে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৫। বিমান উড্ডয়ন নিরাপত্তায় প্রথম সারিতে বাংলাদেশ : সংসদে বিমানমন্ত্রী

৬। দেশে মোট বনভূমির পরিমাণ প্রায় ২৬ লাখ হেক্টর : সংসদে বনমন্ত্রী

৭। বিদ্যুৎ গ্রাহকদের জন্য সিঙ্গেল নম্বরের কল সেন্টার চালু করা হবে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৮। বন্যাদুর্গত কেউ ত্রাণবঞ্চিত হবে না : মৌলভীবাজারে সমাজকল্যাণমন্ত্রী

৯। বিশ্ব শরণার্থী দিবস আজ

১০। উদ্বাস্তুদের আশ্রয়ে বিশ্বে দ্বিতীয় বাংলাদেশ : জাতিসংঘের প্রতিবেদন

১১। জাতীয় অধ্যাপক হলেন তিন বিশিষ্ট শিক্ষাবিদ

চলমান পাতা-২

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৯ জুন মঙ্গলবার) বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতির সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় প্রধানমন্ত্রী তাঁর সাম্প্রতিক সৌদি আরব, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, ভারত ও কানাডা সফর সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পশ্চিমবঙ্গের আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টর অব লিটারেচার (ডি-লিট) ডিগ্রি অর্জন করায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

২। কৃষিবান্ধব নীতির ফলে গত অর্থবছরে খাদ্য উৎপাদন ৩ কোটি ৮৬ লাখ ৯১ হাজার মেট্রিকটন সংসদে কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, বর্তমান সরকার রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণের পর থেকে কৃষি খাতকে গতিশীল করতে আন্তরিকভাবে কাজ করে চলেছে। এর ফলে বাংলাদেশ খাদ্য ঘাটতি থেকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। সরকারের কৃষিবান্ধব নীতির ফলে গত অর্থবছরে দেশে ৩ কোটি ৮৬ লাখ ৯১ হাজার মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদিত হয়েছে। গতকাল (১৯ জুন মঙ্গলবার) দশম জাতীয় সংসদের ২১তম (বাজেট) অধিবেশনে এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৩। মেগা প্রকল্প বাস্তবায়ন হলে প্রবৃদ্ধি হবে ১০ শতাংশ : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, পদ্মা সেতুসহ মেগা প্রকল্পগুলো বাস্তবায়িত হলে জিডিপির প্রবৃদ্ধি ১০ শতাংশ হবে। তিনি বলেন, ২০২০ সালের মধ্যে ৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে। ৮ শতাংশ থেকে ৮ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধি ধরে রাখতে হবে কমপক্ষে তিন বছর। এজন্য প্রয়োজন সবাইকে একসঙ্গে কাজ করে যাওয়া। গতকাল (১৯ জুন মঙ্গলবার) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে পরিকল্পনা মন্ত্রণালয় ও কমিশনের সংস্থাগুলোর মধ্যে এ চুক্তি সাক্ষর হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৪। রাজধানীতে নির্মিত হচ্ছে ঘৃণাস্তম্ভ : সংসদে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

স্বাধীনতাবিরোধীদের প্রতি ঘৃণা প্রকাশের জন্য ঢাকায় একটি ঘৃণাস্তম্ভ নির্মাণের পরিকল্পনার কথা জানালেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। তিনি জানান, ঘৃণাস্তম্ভ নির্মাণে এরই মধ্যে স্থাপত্য অধিদফতরের মাধ্যমে স্থাপত্য নকশার খসড়া প্রস্তুত করা হয়েছে। গতকাল (১৯ জুন মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.৮,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৫। বিমান উড্ডয়ন নিরাপত্তায় প্রথম সারিতে বাংলাদেশ : সংসদে বিমানমন্ত্রী

বিমান উড্ডয়ন নিরাপত্তার বিষয়ে পৃথিবীর প্রথম সারির দেশগুলোর মধ্যে স্থান করে নিয়েছে বাংলাদেশ। এটা আইসিএও সদস্যভুক্ত দেশগুলোর ক্ষেত্রে উক্ত গড় অর্জন মাত্র ৬০ শতাংশ। ২০১৭ সালে বিমান সংক্রান্ত আইসিএও'র পরিচালিত কো-অর্ডিনেশন ভ্যালিডেশন মিশন নামক এক অডিটে এই স্বীকৃতি লাভ করেছে বাংলাদেশ। সেখানে ফ্লাইট সেইফটি অ্যান্ড রেগুলেশন্স বিষয়ে বাংলাদেশ ৭৫ দশমিক ৩৪ শতাংশ ইফেকটিভ ইমপ্লিমেনটেশন অর্জন করেছে, যা এ যাবৎকালের মধ্যে সর্বোচ্চ। গতকাল (১৯ জুন মঙ্গলবার) সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী এ কে এম শাহজাহান কামাল এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

৬। দেশে মোট বনভূমির পরিমাণ প্রায় ২৬ লাখ হেক্টর : সংসদে বনমন্ত্রী

পরিবেশ ও বনমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, দেশে মোট বনভূমির পরিমাণ প্রায় ২৬ লাখ হেক্টর। এরমধ্যে এ পর্যন্ত ২ লাখ ৬৮ হাজার একর সরকারি বনভূমি বেদখলে রয়েছে। গতকাল (১৯ জুন মঙ্গলবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৭। বিদ্যুৎ গ্রাহকদের জন্য সিঙ্গেল নম্বরের কল সেন্টার চালু করা হবে : সংসদে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, বিদ্যুৎ গ্রাহকদের জন্য আগামী বছরের মধ্যে একটি সিঙ্গেল নম্বরের কল সেন্টার চালু করা হবে। গত ১৮ জুন সোমবার সংসদে ২০১৮-২০১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। বিদ্যুৎ বিভাগের জন্য কল সেন্টার স্থাপনের সুসংবাদ দিয়ে প্রতিমন্ত্রী বলেন, সারাদেশের সব গ্রাহক এ একটি নম্বরে ফোন দিয়ে তাদের সমস্যার কথা বলতে পারবেন। সমস্যার সমাধান দেয়াটাও তখন আমাদের জন্য সহজ হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

৮। বন্যাদুর্গত কেউ ত্রাণবঞ্চিত হবে না : মৌলভীবাজারে সমাজকল্যাণমন্ত্রী

সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, বন্যাদুর্গত একজন মানুষও ত্রাণবঞ্চিত হবে না। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ, সারসহ প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে। গতকাল (১৯ জুন মঙ্গলবার) মৌলভীবাজার সদর উপজেলার শেরপুর আজাদ বখত উচ্চ বিদ্যালয় ও কলেজ আশ্রয়কেন্দ্রে ত্রাণ বিতরণের সময় সমাজকল্যাণমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫)।

৯। বিশ্ব শরণার্থী দিবস আজ

যুদ্ধ, সহিংসতা ও নিপীড়নের কারণে বিশ্বজুড়ে প্রায় ছয় কোটি ৮৫ লাখ মানুষ বাড়িঘর ছেড়ে যেতে বাধ্য হয়েছে। মিয়ানমার ও সিরিয়ার লাখ লাখ মানুষ বাস্তুহারা হয়েছে। এমন অবস্থার মধ্যে দেশে দেশে আজ বিশ্ব শরণার্থী দিবস পালিত হবে। বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালিত হতে যাচ্ছে। দিবসটি উপলক্ষে রোহিঙ্গা শিবিরগুলোতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৫)।

১০। উদ্বাস্তুদের আশ্রয়ে বিশ্বে দ্বিতীয় বাংলাদেশ : জাতিসংঘের প্রতিবেদন

উদ্বাস্তু মানুষদের আশ্রয় দেওয়ার ক্ষেত্রে ২০১৭ সালে বাংলাদেশ ছিল বিশ্বে দ্বিতীয় অবস্থানে। এ সময় মিয়ানমার থেকে আসা প্রায় ৭ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে বাংলাদেশ। এতে কক্সবাজারের স্থানীয় বাসিন্দা ও সম্পদের ওপর চাপ তৈরি হয়েছে। গতকাল (১৯ জুন মঙ্গলবার) জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআরের এক প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়েছে। বিশ্ব শরণার্থী দিবস উপলক্ষে 'বৈশ্বিক প্রবণতা : ২০১৭ সালে জোরপূর্বক বাস্তুচ্যুত' শীর্ষক প্রতিবেদনটি প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

১১। জাতীয় অধ্যাপক হলেন তিন বিশিষ্ট শিক্ষাবিদ

দেশের তিনজন বিশিষ্ট শিক্ষাবিদকে পাঁচ বছরের জন্য জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ দিয়েছে সরকার। তাঁরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড আনিসুজ্জামান, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টসের ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাবেক শিক্ষক অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী। গতকাল (১৯ জুন মঙ্গলবার) এ তিনজনকে জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এতে বলা হয়, নিয়োগ পাওয়া জাতীয় অধ্যাপকরা 'জাতীয় অধ্যাপকগণ সিদ্ধান্তমালা, ১৯৮১' অনুযায়ী দায়িত্ব পালন করবেন এবং সম্মানী ও অন্যান্য সুবিধা পাবেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.২,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রযুক্তির কারণে কম্পিউটার গেমস্রে প্রতি তীব্র আসক্তির প্রভাবে শিশুদের মানসিক সমস্যা ‘গেমিং ডিজঅর্ডার’ সৃষ্টি হওয়ায় শিশুদের রক্ষায় অভিভাবকদের সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** গ্যাসের দাম বৃদ্ধির আগে গ্যাসের সঞ্চালন ব্যবস্থার উন্নতি ঘটানোসহ গ্যাসের সাশ্রয়ী ও সুপরিকল্পিত ব্যবহার নিশ্চিত করে গ্যাসের অপচয় ও গ্যাস চুরি বন্ধ করার সুপারিশ।

গ. **সমকাল :** রাজধানীর বনশ্রীর মেরাদিয়ায় শিশু হত্যার ঘটনা তুলে ধরে সমাজকে রক্ষার স্বার্থে শিশু হত্যাকারীদের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ইনকিলাব :** সরকারি লোকসানি প্রতিষ্ঠান বন্ধ না করে কীভাবে এগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা যায় সে বিষয়ের প্রতি সরকারকে গুরুত্ব দেওয়ার প্রত্যাশা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** জলবায়ু পরিবর্তনজনিত নানাবিধ সমস্যার মোকাবিলায় জলবায়ু সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পে তহবিল বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার :** বিদেশের বিভিন্ন জেলে ৫ হাজার বাংলাদেশি কারাগারে থাকায় তাদের ছাড়িয়ে আনতে সরকারকে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** রাজধানীর সড়ক, লেন, বাই-লেনগুলোর মেরামতে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করায় দ্রুত এসব রাস্তা ব্যবহারের অনুপযোগী হয়ে পরায় সড়ক মেরামতে উন্নতমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করে সরকারি অর্থের অপচয় বন্ধ করার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বর্তমান বাজেটে গ্রামীণ উন্নয়নের দিকে যেমন গুরুত্ব দেওয়া হয়েছে, তেমনি জনকল্যাণেও অগ্রাধিকার দেওয়া হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **‘অর্জিত সাফল্য ধরে রাখতে হবে’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নির্বাচন কমিশনের গত দেড় বছরে অর্জিত সাফল্যে ধরে রেখে আসন্ন চার সিটি করপোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে কমিশনকে সর্বশক্তি নিয়োগ করতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা